দামুড়হুদার মোক্তারপুরে সংঘর্ষে নারীসহ দুজন আহত, পাল্টাপাল্টি মামলা

দামুড়হুদা উপজেলার মোক্তারপুরে জমি-জমা নিয়ে সংঘর্ষে নারীসহ দুইপক্ষের দুজন আহত হয়েছেন। এ ঘটনায় এক পক্ষের দুজন আসামিকে আটক করে থানার পুলিশ। দামুড়হুদা মডেল থানায় পাল্টাপাল্টি মামলা হয়েছে।

আহত ব্যক্তিরা হলেন- মোক্তারপুর গ্রামের জালাল উদ্দীনের ছেলে রফিকুল ইসলাম (৩৩) ও উত্তর চাঁদপুরের মোস্তাকের স্ত্রী সাথী খাতুন (২৫)।

আটককৃতরা হলেন- উত্তর চাঁদপুর গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুর আলিম (৫২) ও একই গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুল আজিজ (৫৫)।

গতকাল সকাল ৯টার দিকে উত্তর চাঁদপুর গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় দামুড়হুদা মডেল থানায় মোক্তারপুর গ্রামের আব্দুল জালাল বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় উত্তর চাঁদপুর গ্রামের মৃত জিয়াউর রহমানের ছেলে আব্দুল আলীম, আব্দুল আজিজ, আব্দুল হালিম, আব্দুল আজিজের ছেলে হাসান আলী, মোস্তাক আলী ও আব্দুল আলিমের ছেলে মামুনের বিরুদ্ধে মামলা করেন।

অপর পক্ষের উত্তর চাঁদপুর গ্রামের আব্বস বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় মোক্তারপুর গ্রামের আব্দুলের ছেলে শফিকুল ইসলাম, সামাদ, হাফিজ, মিনারুর, রাজ্জাকের ছেলে নুহুনবী, নবীর ছেলে বাবু, জালালের ছেলে রফিকুলের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

বঙ্গবন্ধু পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাস ও দূর্ণীতিমুক্ত দেশ গড়ার -এমপি চঞ্চল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে বলুহর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউনিয়ন আ.লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ রেলপথ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু আমাদের পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাসমুক্ত, দুর্নীতিমুক্ত দেশ গড়ার। জাতির জনকের হত্যাকারীদের ইনডেমনেটি দিয়ে জিয়া খুনিদের পুরস্কৃত ও পুনঃবাসন করে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা কাজ করে চলেছেন।

আজ গর্ব করে বলতে পারি আমরা এখন আমাদের অর্থে বাজেট বাস্তবায়ন করি। আমরা নিজেদের অর্থে পদ্মা সেতু করেছি। প্রধান অতিথির এ বক্তব্যে সভায় আগত সকলে আবেগ আপ্লুত হয়ে পড়েন।

অন্যান্যদের মধ্যে সভায় আরও বক্তব্য রাখেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বলুহর ইউপি চেয়ারম্যান আঃ মতিন, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, কুশনা ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, জাসদ নেতা শামিম আক্তার বাবু, আ.লীগ নেতা আকিমুল ইসলাম, আবুল হোসেন, মহিলা নেত্রী রুবিনা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন। পরে বঙ্গবন্ধু ও তার পরিবার সহ দেশ ও জাতির মঙ্গল কামনায়

দোয়া অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে ২ ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট প্রদান

স্বাধীনতার ও মুক্তিযুদ্ধের তীর্থভূমি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ও মোনাখালী ইউনিয়নের জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের মাঝে সন্মান সূচক শুভেচ্ছা স্মারক হিসাবে ক্রেস্ট বিতরণ করা হয়েছে।

করোনা মহামারির কারণে গত ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে বীর মুক্তিযোদ্ধাদের ছবি সম্বলিত মহান মুক্তিযুদ্ধের সন্মানসূচক শুভেচ্ছা স্মারক প্রদানের যে অনুষ্ঠান সেটি বন্ধ করার কারণে ক্রেস্ট গুলো উপজেলার মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণ করা সম্ভব হয়নি।

সে জন্য মুক্তিযোদ্ধাদের দাবির প্রেক্ষিতে গত ৯ আগস্ট উপজেলার বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো প্রদান করা এবং অবশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো পৌঁচ্ছে দেওয়ার জন্য মুজিবনগর উপজেলার সাবেক নির্বাহী অফিসার উসমান গনি বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের নিকট আবেদন করেন।

তিনি যাবার আগে ক্রেস্টগুলো প্রদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের দাবী ছিল। তাই তিনি উপজেলা ও ইউনিয়নের বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের হাতে গত ৯ আগস্ট সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

অবশিষ্ট সকল বীর মুক্তিযোদ্ধার ক্রেস্ট ইউনিয়ন পর্যায়ে পৌঁছে দেওয়ার জন্য বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের প্রতি আবেদন জনান তার ধারাবাহিকতায় মঙ্গলবার সকালে দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ে ক্রেস্ট বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের সঞ্চালনায় এবং

যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা সাবেক ইউপি কমান্ডার আহসান আলী খান এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আ: কাশেম, বীর মুক্তিযোদ্ধা আবুল হাসেম।

অনুষ্ঠানের মাধ্যমে দারিয়াপুর ও মোনাখালি ইউনিয়নের ৫০ জন বীর মুক্তিযোদ্ধা ও মৃত্যু বরণকারি বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের হাতে ক্রেস্ট গুলি তুলে দেওয়া হয়।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সবজি চাষে পুলিশ ফাঁড়ির সদস্যদের সাফল্য

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার পুলিশ ফাঁড়িতে সবজি চাষে পুলিশ সদস্যদের সাফল্য এসেছে। কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে পতিত জমিতে মৌসুমি সবজির চাষে সফলতা পেয়েছেন পুলিশ সদস্যরা। আর চাষ করা এসব সবজি দিয়েই চাহিদা মিটছে তাদের।

কার্পাসডাঙ্গা ফাঁড়ির আইসি এসআই আতিকুর রহমান জুয়েল বলেন, অন্যান্য পুলিশ সদস্যদের নিয়ে চাষ করেছি বিভিন্ন প্রকার শাক-সবজি। এমন উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছেন অন্য পুলিশ সদস্যরা। পুলিশের দায়িত্ব পালন করার পাশাপাশি চাষ করা সবজির পরিচর্যাও করে থাকি আমরা।

মূলত ফাঁড়ির পতিত জমিকে সঠিকভাবে ব্যবহারের জন্য সবজির চাষকে বেছে নেওয়া হয়। এছাড়াও চাষ করা বিষমুক্ত সবজি পুলিশ সদস্যদের পুষ্টির চাহিদাও পূরণ করছে। যখন যে সুযোগ পাচ্ছি ঠিক তখনই এই সবজির বাগানের পরিচর্যায় সময় দিচ্ছি। আর বাগানটি দেখভাল করে থাকে আবু তালেব। তিনি বাগানে প্রচুর সময় দেই। সঠিকভাবে পরিচর্যা করার

কারণে ফলনও বেশ ভালো হয়েছে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, ফাঁড়িতে সুসজ্জিত সবজির বাগানের বিভিন্ন অংশে চাষ করা হয়েছে পেঁপে, বেগুন, ঢেঁড়স, মিষ্টি কুমড়া, চাল কুমড়া, ঝাল, লেবু, লালশাক, কলমিশাকসহ নানা রকমের শাক-সবজির। নিয়মিত পরিচর্যা করার ফলে এসব সবজির ফলন বেশ ভালো হয়েছে।

সময় অনুযায়ী বিভিন্ন পুলিশ সদস্য এই সবজির বাগান পরিচর্যা করে থাকেন। এ বাগানে সব মিলিয়ে প্রায় ১৫ ধরণের সবজির চাষ রয়েছে। এএসআই রওশন আলী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক কোন স্থান যাতে পতিত না থাকে সেই চিন্তা থেকেই ফাঁড়ির পতিত জমিতে শাক-সবজির চাষ করার উদ্যোগ নিয়েছি আমরা।

আমাদের সুবিধামতো সময়ে চাষ করা সবজিগুলোর পরিচর্যা করে থাকি। এখানকার উৎপাদিত সবজি আমাদের ম্যাচে রাস্তা হয়ে থাকে। এসব সবজি চাষের ব্যাপারে কৃষি কর্মকর্তাদের পরামর্শ নেওয়া হচ্ছে। মূলত ফাঁড়িতে এসআই মেজবাহুর রহমান থাকা কালিন সময়ে তিনি এই শাক – সবজি চাষের উদ্যোগ নিয়েছিলেন। তার প্রচেষ্টায় এই বাগানটি হয়েছে।

গাংনীতে রুপালী ব্যাংকের ৫৭৪ শাখা উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ব্যাংকিং সেবায় যুক্ত হলো আরও একটি রাষ্টীয় ব্যাংক রুপালী ব্যাংক লিমিটেড এর কার্যক্রম । বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে জন্মশতবার্ষিকীর বছরে জনসেবায় নিবেদিত একটি লাল সবুজ ব্যাংক, রূপালী ব্যাংক লিমিটেড এর ৫৭৪ তম শাখা মেহেরপুর জেলার গাংনীতে উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ ঘটিকার সময় গাংনী বাজারের শফি টাওয়ােও দ্বিতীয় তলায় রূপালী ব্যাংক লিমিটেডের গাংনী শাখার উদ্বোধন ঘোষণা করা হয়েছে। রূপালী ব্যাংক লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও ওবায়েদ উল্লাহ আল মাসুদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রূপালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ চেয়ারম্যান

মনজুর হোসেন এমপি।

এছাড়াও অনলাইন জুম মিটিং এ যুক্ত হয়েছিলেন ডিএমডি জাহাঙ্গীর আলম, খন্দকার আতাউর রহমান, অরুন পাল, জিএম গোলাম মর্তুজা, শচীন্দ্রনাথ সমাদ্দার, ডিজিএম তাজউদ্দীন মাহমুদ, হাবিবুর রহমান, শাখা ব্যবস্থাপক আবুল কালাম আজাদ, পিও, আইসিটি অপারেশনস আব্দুল্লাহ মুহাম্মদ, আবু জাহিদ।

অনলাইন জুম মিটিং শেষে উপস্থিত সকলের সামনে রূপালী ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েছে বক্তব্য রাখেন, খুলনা বিভাগীয় কার্যালয় রূপালী ব্যাংক লিমিটেডের মহা ব্যবস্থাপক শচীন্দ্রনাথ সমাদ্দার। তিনি ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে গাংনীর শাখার উদ্বোধন করেন।

এ সময় গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলুসহ গাংনী বাজারের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ অংশে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উত্তম গ্রাহক সেবা ও আকর্ষনীয় বিভিন্ন সুবিধার অঙ্গীকার নিয়ে এবং সকল খণের ক্ষেত্রে ৯% সুদ হার এর নিশ্চয়তা দিয়ে একঝাঁক মেধাবী, চৌকশ ও ডেডিকেটেড অফিসার নিয়ে শাখা ম্যানেজার সিনিয়র প্রিন্সিপাল অফিসার আবুল কালাম আজাদ এর দক্ষ পরিচালনায় গাংনীর মানুষ কে সবোর্চচ সেবার প্রতিশ্রুতিতে শুভ উদ্বোধন করা হলো রুপালী ব্যাংক গাংনী শাখার কার্যক্রম ।

স্বাস্থ্যের সচিব-ডিজির বিরুদ্ধে আদালত অবমাননার রুল

স্বাস্থ্য মন্ত্রণালয়ের সেবা বিভাগের সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের (ডিজি) বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছেন হাইকোর্ট।

সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরি স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ ও

সহায়তাকারী সুরক্ষা প্রদান নীতিমালা-২০১৮’ শিরোনামে করা নীতিমালা গেজেট আকারে প্রকাশ করতে দুই বছর আগের দেওয়া নির্দেশ কার্যকর না করায় এই রুল জারি করা হয়েছে।

বিচারপতি মামনুন রহমান ও বিচারপতি খিজির হায়াতের ভার্চুয়াল হাইকোর্ট বেঞ্চ আজ মঙ্গলবার (১৮ আগস্ট) এই রুল জারি করেন। সংশ্লিষ্টদের দুই সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। মানবাধিকার সংগঠন বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড ট্রাস্ট সার্ভিসেস (ব্লাস্ট)-এর করা এক আবেদনে এ আদেশ দেওয়া হয়েছে। আদালতে আবেদনকারীর পক্ষে আইনজীবী ছিলেন ব্যারিস্টার রাশনা ইমাম।

আদেশের পর ব্যারিস্টার রাশনা ইমাম সাংবাদিকদের বলেন, ২০১৮ সালের ৮ আগস্ট হাইকোর্ট এক রায়ে নীতিমালার গেজেট জারি করতে নির্দেশ দেন। কিন্তু রায়ের কিছুই বাস্তবায়ন করেননি সরকারের সংশ্লিষ্টরা। একারণে আদালত অবমাননার আবেদন করে ব্লাস্ট। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত রুল জারি করেছেন।

২০১৬ সালের ২১ জানুয়ারি আরাফাত নামের এক ব্যক্তি বাসে উঠতে গিয়ে পা পিছলে নিচে পড়ে গুরুতর আহত হন। তাঁকে নিকটস্থ তিনটি হাসপাতালে নেওয়া হলেও তাঁকে চিকিৎসাসেবা দিতে অস্বীকৃতি জানানো হয়। পরে তাঁকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নেওয়া হলে মারা যান তিনি। ওই ঘটনায় ব্লাস্ট ও সৈয়দ সাইফুদ্দিন কামাল নামের এক ব্যক্তি রিট আবেদন করেন।

হাইকোর্ট ২০১৬ সালের ১০ ফেব্রুয়ারি এক আদেশে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহতদের জরুরি চিকিৎসা সেবা দিতে দেশের সকল হাসপাতাল কর্তৃপক্ষ ও চিকিৎসককে নির্দেশ দেন। একইসঙ্গে সরকারকে নীতিমালা করার নির্দেশ দেওয়া হয়। আদালতের এই আদেশের পর সরকার নীতিমালার খসড়া তৈরি করে তা আদালতে দাখিল করে।

আদালত রায়ে সরকারের চূড়ান্ত খসড়ায় দুটি ধারা পরিমার্জন করে দেন। রায়ের কপি পাওয়ার দুই মাসের মধ্যে নীতিমালা গেজেট আকারে প্রকাশ করতে স্বাস্থ্যের সচিবকে নির্দেশ দেওয়া হয়। কিন্তু এখন পর্যন্ত এই গেজেট জারি করা হয়নি।

সূত্র- কালের কন্ঠ

মুজিববর্ষে কোটি গাছের চারা রোপণে দেশে সবুজ বিপ্লব হবে : নৌ প্রতিমন্ত্রী

মুজিববর্ষে প্রধানমন্ত্রী ঘোষিত এককোটি গাছের চারা রোপণ কর্মসূচির মধ্য দিয়ে দেশে সবুজ বিপ্লব সাধিত হবে বলে মন্তব্য করেছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। তিনি বলেন, প্রধানমন্ত্রীর এ কর্মসূচি সবুজ বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মুজিববর্ষ উপলক্ষে জাতীয় সংসদ আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মঙ্গলবার দুপুরে সংসদ ভবন চত্বরে গাছের চারা রোপণ করে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

খালিদ বলেন, করোনা মহামারির কারণে জাতির পিতার জন্মশতবার্ষিকীর কর্মসূচিতে পরিবর্তন আনতে হয়েছে। তবে সারাদেশে প্রধানমন্ত্রী ঘোষিত এককোটি গাছের চারা রোপণ কর্মসূচি চলমান আছে। প্রধানমন্ত্রী নিজে এ কর্মসূচির উদ্বোধন করেছেন। এ আহ্বানে সাড়া দিয়ে মুজিববর্ষে সারাদেশে এককোটির বেশি গাছের চারা রোপন করা হবে।

প্রতিমন্ত্রী বলেন, বৃক্ষরোপণ কর্মসূচিকে রাজনৈতিক আন্দোলনে রূপ দিয়েছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু। তারই ধারাবাহিকতায় বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রতিবছর বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে থাকেন। বিশ্বে দ্বিতীয় কোন রাজনৈতিক দল এভাবে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে না। তিনি বলেন, এজন্যই সারাবিশ্বে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা পরিবেশ-বান্ধব রাষ্ট্রনায়ক হিসেবে স্বীকৃত।

প্রকৃতি ও মানুষ সবকিছু মিলিয়েই জাতির পিতা বঙ্গবন্ধু সোনার বাংলা গড়তে চেয়েছিলেন মন্তব্য করে খালিদ মাহমুদ বলেন, বঙ্গবন্ধু সেই ধরনের মানুষ যিনি প্রকৃতির সঙ্গে ছিলেন। আপনারা জানেন, সোহরাওয়ার্দী উদ্যান- এ উদ্যান কিন্তু উদ্যান ছিলনা। এখানে ঘোড়ার দৌড় হত এবং সেটা নিয়ে বাজি খেলা হত। সেটাকে তিনি বাতিল

করে দিয়ে, সেখানে তিনি উদ্যান করেছেন। গাছ লাগিয়েছিলেন। নারকেল গাছের চারা তিনি লাগিয়েছিলেন। আজকে সেটা উদ্যানে পরিণত হয়েছে। ঢাকাবাসীকে স্বাস্থ্যকর একটি উদ্যান তিনি উপহার দিয়েছেন।

খালিদ আরও বলেন, সমুদ্র তীরবর্তী এলাকায় জাতির পিতা গাছের চারা লাগিয়েছেন। সেটা আজকে প্রাকৃতিক দুর্যোগ থেকে আমাদের রক্ষা করছে। বঙ্গবন্ধু বলেছিলেন, সুন্দরবন যদি রক্ষা না হয়; বাংলাদেশ রক্ষা হবে না।

এ সময় সাবেক প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এমপি, হুইপ মাহবুব আরা বেগম গিনি, নাদিরা সুলতানা এমপিসহ মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সূত্র- র্ইত্তেফাক

সিনহা হত্যা: ওসি প্রদীপসহ ৩ জনকে রিমান্ডে নিয়েছে র্যাব

কক্সবাজারের টেকনাফে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলার বরখাস্ত ওসি প্রদীপসহ তিন জনকে জিজ্ঞাসাবাদের জন্য রিমান্ডে নিয়ে গেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)।

মঙ্গলবার বেলা সাড়ে ১১ টায় কক্সবাজার জেলা কারাগার থেকে তাদেরকে র্যাব হেফাজতে নিয়ে যাওয়া হয়। বিষয়টি যুগান্তরকে নিশ্চিত করেছেন জেল সুপার মো. মোকাম্মেল হোসেন।

ওসি প্রদীপসহ যে তিন জনকে র্যাব হেফাজতে নেয়া হয়েছে তারা হলেন-পরিদর্শক লিয়াকত আলী ও উপ-পরিদর্শক (এসআই) নন্দ দুলাল রক্ষিত।

তাদেরকে যে আজ রিমান্ডে নেয়া হবে সেটি গতকাল রাতেই জানিয়ে রেখেছিলেন র্যাবের গণমাধ্যম শাখার প্রধান লে.কর্নেল আশিক বিল্লাহ। সোমবার রাত সাড়ে ৮টার দিকে কক্সবাজারের জলতরঙ্গ রিসোর্টে এক প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, ঘটনার মূল সাক্ষী শিপ্রা ও সিফাতের কম্পিউটার ডিভাইসসহ ২৯টি সামগ্রী কক্সবাজারের

রামু থানায় পুলিশের হেফাজতে রক্ষিত আছে। বিজ্ঞ আদালতের মাধ্যম উক্ত সরঞ্জামাদি র্যাব হেফাজতে নেয়া হবে। কারণ, মামলা তদন্তের স্বার্থে ওই কম্পিউটার ডিভাইসগুলো গুরুত্বপূর্ণ কাজ দেবে।

তিনি বলেন, ইতিমধ্যে র্যাবের তদন্ত কর্মকর্তা পুলিশের চার সদস্য ও সন্দেহভাজন তিন আসামিকে রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ করেছে। আমরা তাদের কাছ থেকে গুরুত্বপূর্ণ তথ্য পেয়েছি। দক্ষ ও পেশাদারিত্বের মাধ্যমে এই মামলা তদন্ত করছে র্যাব। যা তদন্তে শেষ হলে পুরো বিষয়টি পরিষ্কার হয়ে যাবে।

অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় টেকনাফ থানার বরখাস্ত হওয়া ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) প্রদীপ কুমার দাশসহ ৩ আসামিকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তদন্ত কমিটি পৃথকভাবে জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রধান চট্টগ্রাম বিভাগীয় অতিরিক্ত কমিশনার মিজানুর রহমান জানিয়েছেন, ওসি প্রদীপসহ যে তিন জনকে জিজ্ঞাসাবাদ করার কথা রয়েছে তাদের মধ্যে পরিদর্শক লিয়াকত আলী ও উপ-পরিদর্শক (এসআই) নন্দ দুলাল রক্ষিতকে জিজ্ঞাসাবাদ শেষ করা হয়েছে। ওসি প্রদীপকেও জিজ্ঞাসাবাদ করা হবে। অন্য চার পুলিশ সদস্য ও তিন সাক্ষীকে আগেই জিজ্ঞাসাবাদ শেষ করেছি আমরা।

প্রসঙ্গত, ৩১ জুলাই ঈদুল আজহার আগের রাত সাড়ে ১০টার দিকে কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভের বাহারছড়া ইউনিয়নের শামলাপুর চেকপোস্টে পুলিশের গুলিতে নিহত হন অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান। ঘটনার পর পুলিশ বাদী হয়ে টেকনাফ থানায় দুটি মামলা করে। আর রামু থানায় একটি মামলা করা হয়।

পরে ৫ আগস্ট কক্সবাজার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হত্যা মামলা করেন সিনহা মোহাম্মদ রাশেদ খানের বড় বোন শারমিন শাহরিয়া ফেরদৌস। এতে ৯ জনকে আসামি করা হয়। আসামিরা হলেন- টেকনাফ থানার বরখাস্ত হওয়া ওসি প্রদীপ কুমার দাশ, টেকনাফের বাহারছড়া শামলাপুর পুলিশ তদন্ত কেন্দ্রের প্রত্যাহার হওয়া পরিদর্শক লিয়াকত আলী, এসআই নন্দদুলাল রক্ষিত, এএসআই লিটন মিয়া, পুলিশ কনস্টেবল সাফানুর রহমান, কামাল হোসেন, আবদুল্লাহ আল মামুন, মো. মোস্তফা ও এসআই টুটুল। এদের মধ্যে আসামি মোস্তফা ও টুটুল পলাতক।

এর মধ্যে রিমান্ড মঞ্জুর হওয়া পুলিশের চার সদস্য এবং এ ঘটনায়

পুলিশের দায়ের করা মামলার তিন সাক্ষীকে গত শুক্রবার থেকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে র্যাব।

যাদের রিমান্ডে নেয়া হয়েছে তারা হলেন- এএসআই লিটন মিয়া, কনস্টেবল সাফানুর রহমান, কামাল হোসেন, আবদুল্লাহ আল মামুন, পুলিশের দায়ের করা মামলার সাক্ষী মো. নুরুল আমিন, মো. নেজামুদ্দিন ও মোহাম্মদ আয়াছ। আজ রিমান্ডে নেয়া হল প্রদীপসহ তিনজনকে।

সূত্র- যুগান্তর

পারস্পরিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে ঢাকায় শ্রিংলা

বাংলাদেশের সঙ্গে পারস্পরিক সম্পর্ক জোরদার করার লক্ষ্যে কয়েক ঘণ্টার সফরে ঢাকায় এসেছেন ভারতের পররাষ্ট্র সচিব হর্ষ বর্ধন শ্রিংলা। সকাল সাড়ে ১১টার দিকে ঢাকায় পৌঁছান তিনি।

সফরকালে শ্রিংলা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গ সৌজন্য সাক্ষাত করবেন। এর পাশাপাশি পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো শাহরিয়ার আলমের সঙ্গেও সৌজন্য সাক্ষাত করবেন শ্রিংলা।

ভারতীয় সংবাদমাধ্যম দ্য প্রিন্ট বলছে, করোনার প্রকোপ শুরু হওয়ার পর এটি শ্রিংলার প্রথম কোনো বিদেশ সফর। জানা গেছে, বাংলাদেশ-চীন সম্পর্কের বিষয়টি শ্রিংলার এ সফরে গুরুত্ব পাবে। পাশপাশি ভারত- বাংলাদেশের পারস্পরিক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারের জন্য বৈঠক করবেন শ্রিংলা।

২০১৭ থেকে ২০১৯ পর্যন্ত বাংলাদেশে ভারতের হাইকমিশনার ছিলেন হর্ষবর্ধন শ্রিংলা। এরপর ওয়াশিংটনে ভারতীয় হাইকমিশনার হন তিনি। ২০২০ সালে ভারতের পররাষ্ট্র সচিব হিসেবে নিয়োগ পান হর্ষবর্ধন শ্রিংলা ।

সূত্র- ইত্তেফাক

সিনহা হত্যা: এপিবিএনের ৩ সদস্য গ্রেফতার

কক্সবাজারের টেকনাফে মেজর (অব.) সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) তিন সদস্যকে গ্রেফতার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)।

সোমবার রাত ১০টার দিকে তাদেরকে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১৫ (র্যাব) এর কক্সবাজার কার্যালয়ে নেয়া হয়। সেখানে জিজ্ঞাসাবাদের এ হত্যাকাণ্ডে তাদের সংশ্লিষ্টতা পাওয়া যায়। পরে তাদের মেজর (অব.) সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় গ্রেফতার দেখানো হয়।

গ্রেফতার তিনজন হলেন- এপিবিএনের সহকারী উপপরিদর্শক (এএসআই) শাহজাহান, কনস্টেবল রাজীব ও আব্দুল্লাহ। ৩১ জুলাই ঘটনার দিন এই তিনজনই এপিবিএনের চেকপোস্টে দায়িত্ব পালন করেছেন।

র্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক লে. কর্নেল আশিক বিল্লাহ গ্রেফতারের সত্যতা নিশ্চিত করেছেন।

৩১ জুলাই ঈদুল আজহার আগের রাত সাড়ে ১০টার দিকে কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভের বাহারছড়া ইউনিয়নের শামলাপুর চেকপোস্টে পুলিশের গুলিতে নিহত হন অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান।

ঘটনার পর পুলিশ বাদী হয়ে টেকনাফ থানায় দুটি মামলা করে। আর রামু থানায় একটি মামলা করা হয়।

পরে ৫ আগস্ট কক্সবাজার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হত্যা মামলা করেন সিনহা মোহাম্মদ রাশেদ খানের বড় বোন শারমিন শাহরিয়া ফেরদৌস।

এতে ৯ জনকে আসামি করা হয়। আসামিরা হলেন- টেকনাফ থানার বরখাস্ত হওয়া ওসি প্রদীপ কুমার দাশ, টেকনাফের বাহারছড়া শামলাপুর পুলিশ তদন্ত কেন্দ্রের

প্রত্যাহার হওয়া পরিদর্শক লিয়াকত আলী, এসআই নন্দদুলাল রক্ষিত,

এএসআই লিটন মিয়া, পুলিশ কনস্টেবল সাফানুর রহমান, কামাল হোসেন, আবদুল্লাহ আল মামুন, মো. মোস্তফা ও এসআই টুটুল। এদের মধ্যে আসামি মোস্তফা ও টুটুল পলাতক।

এর মধ্যে রিমান্ড মঞ্জুর হওয়া পুলিশের চার সদস্য এবং এ ঘটনায় পুলিশের দায়ের করা মামলার তিন সাক্ষীকে গত শুক্রবার থেকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে র্যাব।

যাদের রিমান্ডে নেয়া হয়েছে তারা হলেন- এএসআই লিটন মিয়া, কনস্টেবল সাফানুর রহমান, কামাল হোসেন, আবদুল্লাহ আল মামুন, পুলিশের দায়ের করা মামলার সাক্ষী মো. নুরুল আমিন, মো. নেজামুদ্দিন ও মোহাম্মদ আয়াছ।

সূত্র- যুগান্তর